

## ্র হা-মীম আস-সাজদা (ফুসসিলাত) | Fussilat | فُصلَت

আয়াতঃ ৪১:১৩

আরবি মূল আয়াত:

## فَإِن اَعرَضُوا فَقُل اَنذَرتُكُم صلعِقَةً مِّثلَ صلعِقَةِ عَادٍ قَ ثَمُودَ ﴿١٣١﴾

## 🗚 আনুবাদসমূহ:

তবুও যদি তারা মুখ ফিরিয়ে নেয় তাহলে তুমি বলে দাও, 'আদ ও সামূদের ধ্বংসের মতই এক মহাধ্বংস সম্পর্কে আমি তোমাদেরকে সতর্ক করছি'। — আল-বায়ান

এরপরও তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে বল- আমি তোমাদেরকে অকস্মাৎ শাস্তির ভয় দেখাচ্ছি- 'আদ ও সামূদের (উপর নেমে আসা) অকস্মাৎ-শাস্তির মত। — তাইসিরুল

তবুও তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে বলঃ আমিতো তোমাদেরকে সতর্ক করছি এক ধ্বংসকর শাস্তির; আদ ও সামূদ জাতির অনুরূপ। — মুজিবুর রহমান

But if they turn away, then say, "I have warned you of a thunderbolt like the thunderbolt [that struck] 'Aad and Thamud. — Sahih International

১৩. অতঃপর তারা যদি মুখ ফিরিয়ে নেয় তবে বলুন, আমি তো তোমাদেরকে সতর্ক করছি এক ধ্বংসকর শাস্তি সম্পর্কে, আদ ও সামূদের শাস্তির অনুরূপ।

তাফসীরে জাকারিয়া

(১৩) এর পরেও যদি ওরা মুখ ফিরিয়ে নেয়, তবে (ওদেরকে) বল, আমি তো তোমাদেরকে এক ধ্বংসকর শাস্তি সম্পর্কে সতর্ক করেছি; যেরূপ শাস্তির সম্মুখীন হয়েছিল আ'দ ও সামূদ;

তাফসীরে আহসানল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4231

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন